গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.২২.৬০৩.১৮-২০৪

তারিখ : ০৫ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: **"বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ-২০২০" প্রতিযোগিতার সময়সূচি নির্ধারণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ-২০২০ প্রতিযোগিতার সময়সূচি নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে:

| ক্রঃ নং | পর্যায় | তারিখ |
|---|---|---|
| ১. | শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে প্রতিযোগিতা শুরু হবে | ১০-১২ মার্চ, ২০২০ |
| ২. | উপজেলা পর্যায় | ১৮-১৯ মার্চ, ২০২০ |
| ৩. | জেলা পর্যায় | ২৩-২৪ মার্চ, ২০২০ |
| ৪. | ঢাকা মহানগরী পর্যায় | ২৯ মার্চ, ২০২০ |
| ৫. | বিভাগীয় পর্যায় | ৩০ মার্চ, ২০২০ |
| ৬. | জাতীয় পর্যায় | ২৩ এপ্রিল, ২০২০ |

২। এমতাবস্থায়, বর্ণিত সময়সূচি অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮/২/২০

(গোপাল চন্দ্র দাস)
উপসচিব
ফোন : ৯৫৭৬৭৮০

**বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমানবন্দর, তেঁজগাও, ঢাকা।
৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার,................................... (সকল)।
৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (তাঁর আওতাধীন অফিসসমূহে প্রেরণ ও অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৭। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ..................(সকল) (তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে কার্যক্রম পঞ্জিকা প্রেরণ ও বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৮। জেলা প্রশাসক, ...................................... (সকল) (তাঁর আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারকে নীতিমালার কপি ও কার্যক্রম পঞ্জিকা প্রেরণ পূর্বক যথাসময়ে প্রতিযোগিতা আয়োজন করার অনুরোধসহ)।

৯। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা ( তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে কার্যক্রম পঞ্জিকা প্রেরণ ও অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

১০। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা (তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে কার্যক্রম পঞ্জিকা প্রেরণ ও বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

১১। চেয়ারম্যান, কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে কার্যক্রম পঞ্জিকা প্রেরণ ও বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

১২। উপজেলা নির্বাহী অফিসার..................................(সকল) (যথাসময়ে প্রতিযোগিতা আয়োজনের অনুরোধসহ)।

১৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ...................অঞ্চল (সকল) (তাঁর আওতাধীন সকল জেলা শিক্ষা অফিসারকে নীতিমালা ও কার্যক্রম পঞ্জিকা প্রেরণ পূর্বক যথাসময়ে প্রতিযোগিতা আয়োজন করার অনুরোধসহ)।

১৪। জেলা শিক্ষা অফিসার, ...................................... (সকল) (তাঁর আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে নীতিমালা ও কার্যক্রম পঞ্জিকা প্রেরণ পূর্বক যথাসময়ে প্রতিযোগিতা আয়োজন করার অনুরোধসহ)।

১৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার.................. (সকল) (যথাসময়ে প্রতিযোগিতা আয়োজনের অনুরোধসহ)।

নং-৩৭.০০.০০০০.০৭১.২২.৬০৩.১৮-২০৪

তারিখ : ০৫ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ / ১৮ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ]।

১৮।২।২০২০

(গোপাল চন্দ্র দাস)
উপসচিব

## আবেদনপত্রের নমুনা ফরম

পাসপোর্ট সাইজের
২ কপি ছবি
(১ কপি ছবি 'আঠা' দিয়ে নির্ধারিত স্থানে লাগাতে হবে এবং ১ কপি ছবির পিছনে নাম লিখে পিন দিয়ে যুক্ত করতে হবে)।

বরাবর
উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
উপজেলা/থানা.......................................জেলা/মহানগর.......................................

বিষয় : **বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ-২০২০ এ অংশগ্রহণের আবেদন।**

**ক. আবেদনকারীর (শিক্ষার্থী) তথ্যাদি:**

০১। নাম :

০২। জন্ম তারিখ :

০৩। শ্রেণি :

০৪। রোল :

০৫। শিক্ষা প্রতিষ্ঠানের নাম:

০৬। মাতার নাম :

০৭। পিতার নাম :

০৮। মোবাইল নম্বর :

খ. অংশগ্রহণের বিষয় : ভাষা ও সাহিত্য/বিজ্ঞান/ গণিত ও কম্পিউটার/ বাংলাদেশ স্টাডিজ/ বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ।

গ. যে সকল বিষয়ে শিক্ষার্থী অংশগ্রহণ করবে তার নাম:-

১। ..........................................................................................

২। ..........................................................................................

৩। ..........................................................................................

প্রতিষ্ঠান প্রধানের প্রতিস্বাক্ষর :
(সীলমোহরসহ)

তারিখ :

ফোন নম্বর :

আবেদনকারীর স্বাক্ষর
নাম :
তারিখ :

**(বি:দ্র: একজন শিক্ষার্থী সর্বাধিক তিনটি বিষয়ে অংশগ্রহণ করতে পারবে)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

# সৃজনশীল মেধা অন্বেষণ নীতিমালা-২০১২

(সংশোধিত- ফেব্রুয়ারি, ২০২০)

অনন্য সাধারণ মেধা (Extraordinary Talent) অন্বেষণের লক্ষ্যে এবং শহর ও গ্রামের শিক্ষা বৈষম্য নিরসনে দেশব্যাপী সৃজনশীল মেধা অনুসন্ধানে সরকার একটি সমন্বিত কর্মসূচি গ্রহণ করেছে। উক্ত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো :

২.০ **শিরোনাম:** এই নীতিমালা "সৃজনশীল মেধা অন্বেষণ নীতিমালা-২০১২" (ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত) নামে অভিহিত হবে। তবে ২০২০ সাল, মুজিববর্ষ উপলক্ষ্যে সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতাটি 'বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ-২০২০' প্রতিযোগিতা নামে অভিহিত হবে।

৩.০ **অধিক্ষেত্র:** দেশের সকল সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নিম্ন মাধ্যমিক পর্যায় হতে উচ্চ মাধ্যমিক পর্যায় পর্যন্ত (ষষ্ঠ হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত) ছাত্র-ছাত্রী প্রতিযোগিতার মাধ্যমে ১. ভাষা ও সাহিত্য (বাংলা, ইংরেজি), ২. ৬ষ্ঠ-৮ম পর্যায়ের জন্য দৈনন্দিন বিজ্ঞান এবং ৯ম-১২শ পর্যায়ের জন্য বিজ্ঞান (পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান), ৩. গণিত ও কম্পিউটার ৪. বাংলাদেশ স্টাডিজ (ইতিহাস, পৌরনীতি, অর্থনীতি, সমাজবিজ্ঞান), এবং ৫. বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ সহ মোট পাঁচটি বিষয় সৃজনশীল মেধা অন্বেষণের ক্ষেত্রে বিষয় হিসেবে বিবেচ্য হবে।

৪.০ **সৃজনশীল মেধা অন্বেষণের উদ্দেশ্য**

৪.১ উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে অসাধারণ মেধা সম্পন্ন ছাত্র-ছাত্রী অন্বেষণ করা;

৪.২ এ সকল মেধা অন্বেষণ করে তাদেরকে ভবিষ্যতে জাতীয় মেধা (National Talent) হিসেবে স্বীকৃতি দেয়া এবং তাদের উৎসাহ প্রদানে একটি এককালীন বিশেষ মেধাভিত্তিক (Special Merit Based Scholarship) বৃত্তি প্রদান করা। প্রয়োজনে তাদেরকে বিদেশে মেধাবৃত্তির জন্য সুপারিশ করা।

৪.৩ প্রতিবন্ধী/অটিস্টিক শিক্ষার্থীদের মেধাকে বিকশিত করে মূল ধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে তাদেরকে প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ করে দেওয়া।

৫.০ **বাস্তবায়ন পরিকল্পনা**

৫.১ সৃজনশীল মেধা অন্বেষণ একটি উন্মুক্ত প্রতিযোগিতা, যা প্রতি বছর অনুষ্ঠিত হবে। প্রকৃত সৃজনশীল মেধা অন্বেষণে তৃণমূল পর্যায় থেকে বিভাগীয় পর্যায় পর্যন্ত সকল শিক্ষার্থী এ প্রতিযোগিতার আওতাভুক্ত হবে।

৫.২ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত তারিখে স্ব-স্ব প্রতিষ্ঠান সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতার আয়োজন করবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী মেধাবীদের পুরস্কৃত করবে। উপজেলা পর্যায়ে অবস্থিত সকল সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাদের শিক্ষার্থীদের মধ্য হতে প্রতিযোগিতার মাধ্যমে বাছাইকৃত সেরা শিক্ষার্থীদের প্রাথমিকভাবে ০৩(তিন)টি পর্যায়ে ০৫ (পাঁচ)টি বিষয়ের বিপরীতে সৃজনশীল মেধা হিসেবে স্বাক্ষর রাখতে পারে এমন শিক্ষার্থী উপজেলা পর্যায়ে মনোনয়ন দিবে। একজন শিক্ষার্থী সর্বোচ্চ ০৩টি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। প্রতিবন্ধী/ অটিস্টিক শিক্ষার্থীরা তাদের জন্য নির্ধারিত বিষয় ছাড়া সাধারণ বিষয়গুলোতেও অংশগ্রহণ করতে পারবে।

৫.৩ উপজেলা পর্যায় হতে বাছাইকৃত প্রতিযোগী ও উক্ত জেলায় অবস্থিত সদর উপজেলার আওতায় বাছাইকৃত প্রতিযোগী সমন্বয়ে জেলা পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। জেলা পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগিতা হতে প্রতিটি বিষয়ে বাছাইকৃত সেরাদের নিয়ে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। পরবর্তীতে ৮টি বিভাগ ও ঢাকা মহানগরী শহরকে অতিরিক্ত একটি বিভাগীয় ইউনিট হিসেবে ধরে তিনটি পর্যায়ে প্রতি বিষয়ে ৩ জন করে ৫টি বিষয়ে প্রতি বিভাগে মোট (৩× ৫)=১৫ জন এবং জাতীয় পর্যায়ে সর্বমোট (১৫× ৯)=১৩৫ জন মেধাবী নির্বাচন করতে হবে। ৮টি বিভাগীয় ও ঢাকা মহানগরী পর্যায় হতে আগত ৯× ১৫ (প্রতি বিষয়ে সেরা ১ জন) = ১৩৫ জন প্রতিযোগী থেকে ৫ বিষয়ে ১ জন করে ৩ গ্রুপে মোট ১৫ জন সেরা বিজয়ী নির্বাচন করা হবে। তাদেরকে ''বছরের সেরা মেধাবী'' হিসেবে স্বীকৃতি এবং এককালীন বিশেষ মেধাভিত্তিক বৃত্তি (Special Merit Based Scholarship) দেয়া হবে,

৫.৪ **ছাত্র-ছাত্রীদের বাছাইয়ের পদ্ধতি**

| ক্রমিক | শ্রেণি | বিষয় | | | | | মনোনয়নকৃত মোট ছাত্র/ছাত্রীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | ভাষা ও সাহিত্য | দৈনন্দিন বিজ্ঞান/ বিজ্ঞান | গণিত ও কম্পিউটার | বাংলাদেশ স্টাডিজ | বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ (শুধুমাত্র প্রতিবন্ধী/ অটিস্টিক শিক্ষার্থীদের জন্য) | |
| ১. | ৬ষ্ঠ থেকে ৮ম-সমপর্যায় | ১ | ১ | ১ | ১ | ১ | ৫ |
| ২. | ৯ম থেকে ১০ম-সমপর্যায় | ১ | ১ | ১ | ১ | ১ | ৫ |
| ৩. | একাদশ থেকে দ্বাদশ-সমপর্যায় | ১ | ১ | ১ | ১ | ১ | ৫ |
| | | | | | | মোট= | ১৫ জন |

অঃ পৃঃ দ্রঃ/২

৫.৫ **উপজেলা পর্যায়ে প্রতিযোগিতামূলক বাছাই কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | আহবায়ক |
| ২-৩ | উপজেলা সদরস্থ কলেজ ও মাদরাসার ১ জন করে অধ্যক্ষ (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪. | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ৫-৬ | উপজেলা সদরস্থ উচ্চ বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষকগণের মধ্য হতে ১ জন ও দাখিল মাদরাসাসমূহের সুপারিনেটেনডেন্টগণের মধ্য হতে ১ জন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠান প্রধানদের মধ্য হতে ১ জন (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭. | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য-সচিব |

৫.৫.১ **কার্যপরিধি**

কমিটি উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা শেষে স্কুল-কলেজ-মাদরাসা-কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে ৫টি বিষয়ে (৩× ৫)=১৫ জন মনোনীত প্রতিযোগী জেলা পর্যায়ে প্রেরণ করবে। উপজেলা প্রতিযোগিতামূলক বাছাই কমিটি সংশ্লিষ্ট উপজেলার পার্শ্ববর্তী কোন উপজেলা থেকে অনধিক ০৭ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে। উল্লেখ্য, বিচারকার্য পরিচালনার জন্য কমপক্ষে ৪ জন বিচারক উপস্থিত থাকতে হবে।

৫.৬ **জেলা পর্যায়ে যাচাই-বাছাই কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | আহবায়ক |
| ২-৪. | জেলা সদরের সরকারি, বেসরকারি কলেজ ও আলিম/ফাজিল মাদরাসার ১ জন করে অধ্যক্ষ (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) | সদস্য |
| ৬. | সুপারিনটেনডেন্ট অব পুলিশ/প্রতিনিধি | সদস্য |
| ৭. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৮-১১. | মাধ্যমিক বিদ্যালয়ের ২ জন প্রধান শিক্ষক/শিক্ষিকা ( সরকারি ও বেসরকারি বিদ্যালয় হতে ১ জন করে ), দাখিল মাদরাসার সুপারিনটেনডেন্ট ও কারিগরি স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ১ জন করে (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১২. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ১৩. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৪. | জেলা শিক্ষা অফিসার | সদস্য-সচিব |

৫.৬.১ **কার্যপরিধি**

প্রতি উপজেলা হতে প্রেরিত সেরা ১৫ জনকে নিয়ে জেলা পর্যায়ে প্রতিযোগিতার আয়োজন করতে হবে। জেলা যাচাই-বাছাই কমিটি সংশ্লিষ্ট জেলার যে সব শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী জেলা পর্যায়ে আসেনি সে সব প্রতিষ্ঠান থেকে অনধিক ০৫ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে।

৫.৭ **বিভাগীয় পর্যায়ে যাচাই-বাছাই কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনার | আহবায়ক |
| ২. | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) | সদস্য |
| ৩. | ডি.আই.জি. পুলিশ/প্রতিনিধি | সদস্য |
| ৪. | জেলা প্রশাসক, বিভাগীয় সদর জেলা | সদস্য |
| ৫-৬. | ১ জন সরকারি ও ১ জন বেসরকারি কলেজের অধ্যক্ষ (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭. | ১ জন মহিলা কলেজের অধ্যক্ষ (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৮. | বিভাগীয় সদরের সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ | সদস্য |
| ৯. | পরিদর্শক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সংশ্লিষ্ট এলাকার শিক্ষা বোর্ড থেকে) | সদস্য |
| ১০. | পরিদর্শক (বিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সংশ্লিষ্ট এলাকার শিক্ষা বোর্ড থেকে) | সদস্য |
| ১১. | বেসরকারি মাদ্রাসার ১ জন অধ্যক্ষ (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১২. | পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক অফিস | সদস্য |
| ১৩. | আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বিভাগীয় সদর | সদস্য-সচিব |

৫.৭.১ **কার্যপরিধি**

প্রতি জেলা হতে প্রেরিত সেরা (৩ × ৫) ১৫ জনকে নিয়ে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতার আয়োজন করতে হবে। বিভাগীয় যাচাই-বাছাই কমিটি সংশ্লিষ্ট জেলার যে সব শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী বিভাগীয় পর্যায়ে আসেনি সে সব প্রতিষ্ঠান থেকে অনধিক ০৫ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে।

৫.৮ ঢাকা মহানগরী এলাকার যাচাই-বাছাই কমিটি

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা | আহবায়ক |
| ২. | বিভাগীয় কমিশনার ঢাকা এর প্রতিনিধি | সদস্য |
| ৩. | পুলিশ কমিশনার ঢাকা এর প্রতিনিধি | সদস্য |
| ৪. | জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি | সদস্য |
| ৫. | ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ | সদস্য |
| ৬-৮. | সরকারি ও বেসরকারি মহিলা কলেজের ১ জন করে অধ্যক্ষ (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৯. | সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ১ জন প্রধান শিক্ষক (মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১০. | পরিদর্শক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ১১. | বেসরকারি মাদ্রাসার ১ জন অধ্যক্ষ/সুপার (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১২. | পরিদর্শক (বিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ১৩. | পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক অফিস | সদস্য |
| ১৪. | আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা | সদস্য-সচিব |

৫.৮.১ কার্যপরিধি

ঢাকা মহানগরী এলাকার প্রতিযোগিতায় বাছাইয়ের জন্য আহবায়ক জেলা-উপজেলার আদলে মহানগরী এলাকাকে ০৮(আট) টি অঞ্চলে বিভক্ত করে স্থানীয় সরকারি-বেসরকারি স্কুলের প্রধান শিক্ষকগণকে আহবায়ক করে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট বাছাই কমিটি গঠন করবেন। এই কমিটি প্রাথমিক বাছাই প্রক্রিয়া সম্পন্ন করবেন। ঢাকা মহানগরী এলাকা থেকে ০৩টি গ্রুপে ০৫টি বিষয়ে ১৫ জন সেরা মেধাবী নির্বাচন করে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতার জন্য প্রেরণ করবে। ঢাকা মহানগরী এলাকার যাচাই-বাছাই কমিটি যে সব শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী মহানগরী পর্যায়ে আসেনি সে সব প্রতিষ্ঠান থেকে অনধিক ০৭ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে।

৫.৯ বিভাগীয় শহর এলাকার যাচাই বাছাই কমিটি ( চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট, বরিশাল এবং ময়মনসিংহ)

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম-রাজশাহী-যশোর-দিনাজপুর-সিলেট-বরিশাল | আহবায়ক |
| ২. | সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার এর প্রতিনিধি | সদস্য |
| ৩. | সংশ্লিষ্ট বিভাগীয় শহরের সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রতিনিধি | সদস্য |
| ৪-৬. | সংশ্লিষ্ট বিভাগীয় শহরের সরকারি, বেসরকারি ও মহিলা কলেজের ১ জন করে অধ্যক্ষ (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭-৮. | সংশ্লিষ্ট বিভাগীয় শহরের সরকারি ও বেসরকারি স্কুলের ১ জন করে প্রধান শিক্ষক (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৯. | সংশ্লিষ্ট বিভাগীয় শহরের বেসরকারি মাদ্রাসার ১ জন অধ্যক্ষ/সুপার (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১০. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১১. | আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সংশ্লিষ্ট অঞ্চল | সদস্য-সচিব |

খুলনা বিভাগীয় শহরের জন্য চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর, রংপুর বিভাগীয় শহরের জন্য চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এবং ময়মনসিংহ বিভাগীয় শহরের জন্য অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), ময়মনসিংহ আহবায়কের দায়িত্ব পালন করবেন।

৫.৯.১ কার্যপরিধি

চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ৩টি বিভাগীয় শহরকে জেলা- উপজেলার আদলে ৪টি অঞ্চলে বিভক্ত করে স্থানীয় সরকারি-বেসরকারি স্কুলের প্রধান শিক্ষকগণকে আহবায়ক করে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট বাছাই কমিটি গঠন করবেন। এই কমিটি প্রাথমিক বাছাই প্রক্রিয়া সম্পন্ন করবেন। চট্টগ্রাম, রাজশাহী, খুলনা মহানগরী এলাকা থেকে ০৩টি গ্রুপে ০৫টি বিষয়ে ১৫ জন সেরা মেধাবী নির্বাচন করে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতার জন্য প্রেরণ করবে। রংপুর, সিলেট, বরিশাল এবং ময়মনসিংহ ৪টি বিভাগীয় শহরকে ১টি জেলা পর্যায়ে বিবেচনা করে এলাকার প্রতিযোগিতায় যাচাই বাছাইয়ের জন্য আহবায়ক কর্তৃক জেলার – উপজেলার আদলে স্থানীয় সরকারি-বেসরকারি স্কুলের প্রধান শিক্ষকগণকে আহবায়ক করে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট বাছাই কমিটি গঠন করবেন। এই কমিটি প্রাথমিক বাছাই প্রক্রিয়া সম্পন্ন করবেন। জেলা পর্যায়ের প্রতিযোগীদের সাথে বিভাগীয় শহর এলাকার প্রতিযোগীরা বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতার জন্য ০৩টি গ্রুপে ০৫টি বিষয়ে অংশ গ্রহণ করবে। ১৫ জন সেরা মেধাবী নির্বাচন করে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতার জন্য প্রেরণ করবে। চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট, বরিশাল এবং ময়মনসিংহ বিভাগীয় শহর এলাকার যাচাই বাছাই কমিটির যে সব শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী বিভাগীয় শহর পর্যায়ে আসেনি সে সব প্রতিষ্ঠান থেকে অনধিক ০৫ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে।

অঃ পৃঃ দ্রঃ/৪

৫.১০ **জাতীয় স্টিয়ারিং কমিটি:** মাননীয় শিক্ষা মন্ত্রীকে প্রধান উপদেষ্টা, মাননীয় শিক্ষা উপমন্ত্রীকে উপদেষ্টা ও শিক্ষা সচিবকে সভাপতি করে নিম্নরূপ জাতীয় স্টিয়ারিং কমিটি গঠন করা হলো। কমিটি শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক পৃষ্ঠপোষকতায় জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা আয়োজনের ব্যবস্থা করবে:-

**জাতীয় স্টিয়ারিং কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | প্রধান উপদেষ্টা |
| ২. | মাননীয় উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | উপদেষ্টা |
| ৩. | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সভাপতি |
| ৪. | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সহ-সভাপতি |
| ৫. | উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | সদস্য |
| ৬-৭. | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-(উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা | সদস্য |
| ৮. | কমিশনার, ঢাকা বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা | সদস্য |
| ৯. | অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| ১০. | অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১১. | অতিরিক্ত সচিব (বাজেট-১ অনুবিভাগ), অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ১২. | অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন মন্ত্রণালয় | সদস্য |
| ১৩. | অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১৪. | অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১৫-১৬. | অতিরিক্ত সচিব (কারিগরি/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১৭. | অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| ১৮. | অতিরিক্ত সচিব (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১৯. | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ২০. | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ২১. | মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ২২. | মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা | সদস্য |
| ২৩. | মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা | সদস্য |
| ২৪. | মহাপরিচালক, প্রাথমিক ও গণ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ২৫. | মহাপরিচালক, বিটিভি, ঢাকা | সদস্য |
| ২৬. | মহাপরিচালক, শিল্পকলা একাডেমি, ঢাকা | সদস্য |
| ২৭. | ড. ফরাস উদ্দিন, চেয়ারম্যান , ট্রাস্টিবোর্ড, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি,ঢাকা | সদস্য |
| ২৮. | অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ, সভাপতি, বিশ্বসাহিত্য কেন্দ্র, ঢাকা | সদস্য |
| ২৯. | ড. জামিলুর রেজা চৌধুরী, প্রাক্তন ভিসি, ব্র্যাক ইউনিভার্সিটি, ঢাকা | সদস্য |
| ৩০. | অধ্যাপক মুহম্মদ জাফর ইকবাল, বিভাগীয় প্রধান, কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট | সদস্য |
| ৩১. | চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা | সদস্য |
| ৩২. | ড. মুনতাসীর উদ্দিন খান মামুন, অধ্যাপক, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৩৩. | বেগম রাশেদা কে চৌধুরী, নির্বাহী পরিচালক, গণসাক্ষরতা অভিযান, ঢাকা | সদস্য |
| ৩৪. | পরিচালক, ব্যানবেইস, পলাশী,নীলক্ষেপ,ঢাকা | সদস্য |
| ৩৫. | প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৩৬-৪৩. | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) | সদস্য |
| ৪৪. | চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ৪৫. | চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ৪৬. | পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য-সচিব |

৫.১০.১ **কার্যপরিধি**

জাতীয় স্টিয়ারিং কমিটিতে প্রয়োজন অনুযায়ী সদস্য কো-অপ্ট করা যাবে। জাতীয় স্টিয়ারিং কমিটি দেশের যে সব শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী জাতীয় পর্যায়ে আসেনি সে সব প্রতিষ্ঠান ও জাতীয় পর্যায়ে স্বনামধন্য ব্যক্তিবর্গের মধ্য থেকে অনধিক ০৫ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে বিষয়ভিত্তিক বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে। বিভাগীয় ও ঢাকা মহানগরী পর্যায় হতে আগত প্রতিযোগীদের নিয়ে অনুষ্ঠান। ৯× ১৫ (প্রতি বিষয়ে সেরা ১ জন) =১৩৫ জন প্রতিযোগী থেকে ৫ বিষয়ে ১ জন করে ৩ গ্রুপে মোট ১৫ জন সেরা বিজয়ী নির্বাচন করে তাদেরকে ''বছরের সেরা মেধাবী'' হিসেবে পুরস্কার প্রদান করবে।

৬.০ **কার্যক্রমের বাস্তবায়ন কাল:**

সকল শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম যেন ব্যাহত না হয় এবং একই সাথে সকল শিক্ষার্থীকে এ প্রতিযোগিতায় অন্তর্ভুক্ত করা যায়, সে লক্ষ্যে বছরের একটি নির্দিষ্ট সময় জানুয়ারি থেকে মার্চের মধ্যে সম্পন্ন করতে হবে। সে ক্ষেত্রে বাস্তবায়নের সুবিধার্থে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর একটি কার্যক্রম পঞ্জিকা প্রণয়ন করে শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

৭.০ **সেরা মেধা যাচাইয়ের পদ্ধতি**

৭.১ **ভাষা ও সাহিত্য**

ক. তাৎক্ষণিক রচনা প্রতিযোগিতা (বাংলা ও ইংরেজি, লিখিত) - নম্বর - ১০+১০=২০
খ. পর্যায়ক্রমে বাংলায় গল্প বলা - নম্বর - ১৫
গ. উপস্থিত বক্তৃতা (ইংরেজি) - নম্বর - ১৫

অঃ পৃঃ দ্রঃ/৫

৭.২ **৬ষ্ঠ-৮ম পর্যায়ের জন্য দৈনন্দিন বিজ্ঞান এবং ৯ম-১২শ পর্যায়ের জন্য বিজ্ঞান (পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান)**

ক. MCQ - নম্বর - ১০
খ. বিজ্ঞান বিষয়ক রচনা - নম্বর -১০
গ. বিজ্ঞান বিষয়ক প্রকল্প উপস্থাপন - নম্বর -৩০

৭.৩ **গণিত ও কম্পিউটার**

ক. গণিত (লিখিত ও মৌখিক মূল্যায়ন) - নম্বর- ২০+১০
খ. কম্পিউটার (সমস্যা সমাধান) - নম্বর - ২০

৭.৪ **বাংলাদেশ স্টাডিজ**

ক. লিখিত সৃজনশীল- নম্বর-২০
খ. MCQ - নম্বর - ১০
গ. মৌখিক - নম্বর - ২০

৭.৫ **বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ (শুধুমাত্র প্রতিবন্ধী/ অটিস্টিক শিক্ষার্থীদের জন্য)**

ক. লিখিত সৃজনশীল- নম্বর-২০
খ. MCQ - নম্বর - ১০
গ. মৌখিক - নম্বর - ২০

৮.০ **আপত্তি ও নিষ্পত্তি:** উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, জেলা পর্যায়ে জেলা প্রশাসক, বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনার, ঢাকা মহানগরী পর্যায়ে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, ০৭টি বিভাগীয় শহর পর্যায়ে সংশ্লিষ্ট আহবায়ক ও জাতীয় পর্যায়ে অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১), শিক্ষা মন্ত্রণালয় উত্থাপিত আপত্তিসমূহ নিষ্পত্তি করবেন।

৯.০ **কার্যক্রমের প্রয়োজনীয় অর্থ বিভাজন:** দেশব্যাপী মেধা অন্বেষণের কার্যক্রম সফল করতে দু'ধরনের ব্যয় হবে, যা মুলত প্রতিবছরে অর্থ বিভাগ কর্তৃক অতিরিক্ত বাজেট বরাদ্দ হতে নির্ধারিত বিভাজন অনুযায়ী ব্যয় করতে হবে।

৯.১ **উপজেলা, জেলা, বিভাগীয় শহর, বিভাগ, ঢাকা মহানগরী ও জাতীয় পর্যায়ে অনুষ্ঠান আয়োজন বাবদ:** এ ধরণের অনুষ্ঠান আয়োজনে পরীক্ষা উপকরণ সরবরাহ, বিচারকদের সম্মানী, মঞ্চ সজ্জা ও সার্বিক আয়োজন বাবদ অর্থ ব্যয় হবে। প্রকৃত চাহিদার ভিত্তিতে এ ব্যয় বৃদ্ধি হতে পারে।

| ক্রমিক | বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| • | ৪৯২টি উপজেলায় ৩০,০০০/- টাকা হারে= ৪৯২x৩০,০০০/- | ১,৪৭,৬০,০০০/- |
| • | চট্টগ্রাম, রাজশাহী এবং খুলনা ৩টি বিভাগীয় শহরকে ৪টি অঞ্চলে বিভক্ত করে অর্থাৎ প্রতি বিভাগে ৪টি উপজেলার সমান (৩x৪)=১২ টি উপজেলার সমান ৩০,০০০/- হারে (৩০,০০০/-x১২)= | ৩,৬০,০০০/- |
| • | রংপুর, সিলেট, বরিশাল ও ময়মনসিংহ ৪ টি বিভাগীয় শহরকে ০১টি জেলার মর্যাদা ধরে ৬০,০০০/- হারে (৪x৬০,০০০/-) | ২,৪০,০০০/- |
| • | ৬৪টি জেলায় ৬০,০০০/- হারে (৬৪x৬০,০০০/-) | ৩৮,৪০,০০০/- |
| • | ৯টি বিভাগে (৮টি বিভাগ ও ঢাকা মহানগরী এলাকা) ১,১০,০০০/- টাকা হারে=৯x১,১০,০০০/- | ৯,৯০,০০০/- |
| • | ঢাকা মহানগরীকে ৮টি অঞ্চল অর্থাৎ ৮টি উপজেলার সমান ৩০,০০০/- (হারে (৮x৩০০০০) | ২,৪০,০০০/- |
| • | জাতীয় পর্যায়ে অনুষ্ঠান আয়োজনের জন্য জাতীয় কমিটির সম্মানী ও অন্যান্য কমিটির সভায় আমন্ত্রিত সদস্যদের সম্মানী | ৬,৫৬,০০০/- |
| • | জাতীয় পর্যায়ে অনুষ্ঠানে বিচারকদের সম্মানী জন প্রতি ১৫,০০০/- টাকা করে ৩৫ (পঁয়ত্রিশ) জন (১৫,০০০/-*৩৫) | ৫,২৫,০০০/- |
| • | জাতীয় পর্যায় অনুষ্ঠান এবং মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে পুরস্কার বিতরণ | ৫৬.৩৮,০০০/- |
| • | শিক্ষা মন্ত্রণালয়ের প্রচার, মুদ্রণ ও অন্যান্য ব্যয় | ২৫,০০,০০০/- |
| • | (ক) মোট= | ২,৯৭,৪৯,০০০/- |
| • | | |

৯.২ নির্বাচিত জাতীয় প্রতিভাদের পুরস্কার প্রদান

| ক্রমিক | বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| • | উপজেলা পর্যায়ে সেরাদের (৪৯২x১৫x২০০০/-) হারে | ১,৪৭,৬০,০০০/- |
| • | চট্টগ্রাম, রাজশাহী এবং খুলনা ৩টি বিভাগীয় শহরকে ৪টি অঞ্চলে বিভক্ত করে অর্থাৎ প্রতি বিভাগে ৪টি উপজেলার সমান (৩x৪)=১২টি উপজেলায় ২০০০/- হারে (১২x১৫x২০০০/-) হারে | ৩,৬০,০০০/- |
| • | রংপুর, সিলেট, বরিশাল ও ময়মনসিংহ ৪টি বিভাগীয় শহরকে ০১টি জেলার মর্যাদা ধরে (৪x১৫x২৫০০/-) | ১,৫০.০০০/- |
| • | ৬৪টি জেলায় (৬৪x১৫x২৫০০/-) হারে | ২৪,০০,০০০/- |
| • | ৮টি বিভাগীয় এবং ঢাকা মহানগরী পর্যায়ে সেরাদের (৯x১৫x৩০০০/-) হারে | ৪,০৫,০০০/- |
| • | ঢাকা মহানগরীর ৮টি অঞ্চলের জন্য (৮x১৫x২০০০/-) হারে | ২,৪০,০০০/- |
| • | জাতীয় পর্যায়ে সেরা মেধাবীদের পুরস্কার (১৫*২০০০০০) | ৩০,০০.০০০/- |
| • | জাতীয় পর্যায়ে অংশগ্রহণকারী সেরামেধাবী বাদে জনের পুরস্কার (১২০*৩০০০০) | ৩৬,০০,০০০/- |
| • | নির্বাচিত মেধাবী ও কর্মকর্তাদের শিক্ষা সফর এক্সপ্লোর ভিজিট (দেশে ও বিদেশে | ৩৭,০০,০০০/- |
| • | (খ) মোট= | ২,৮৬,১৫,০০০/- |
| • | সর্বমোট(ক+খ) | ৫,৮৩,৬৪,০০০/- |
| • | | |

৯.৩ শিক্ষা মন্ত্রণালয়ের বাজেট শাখা হতে প্রতিটি কমিটির সদস্য-সচিবকে আয়ন-ব্যয়ন কর্মকর্তা নিয়োগ করে তাঁর অনুকূলে বরাদ্দকৃত অর্থ অগ্রিম উত্তোলনের অনুমতি প্রদান করে জি.ও. জারি করবে। উত্তোলিত অগ্রিম অর্থ খরচের পর সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে সমন্বয় করবে।

৯.৪ **বাজেট, টেন্ডার ও অর্থ কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৪. | উপসচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সরকারি মাধ্যমিক-৩ ও ১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | সিনিয়র সহকারী সচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | উপ-পরিচালক/সহকারী পরিচালক, শারীরিক শিক্ষা (পুরুষ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৮. | পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য-সচিব |

১০.০ দেশব্যাপী সৃজনশীল মেধা অন্বেষণের বিষয়টি জাতীয় পত্রিকা, রেডিও, টেলিভিশন ও বিভিন্ন ওয়েব সাইটের মাধ্যমে ব্যাপক প্রচারণা এবং স্মরণিকা প্রকাশের জন্য নিম্নোক্তভাবে একটি প্রচার কমিটি গঠন করা হলো:

প্রচার কমিটি:

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | আহবায়ক |
| ২. | যুগ্মসচিব (বেসরকারি মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব (সরকারি মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | সচিব,বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন | সদস্য |
| ৫. | মহাপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি-(২ জন) | সদস্য |
| ৬. | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন এর প্রতিনিধি | সদস্য |
| ৭. | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ঢাকা এর প্রতিনিধি | সদস্য |
| ৮. | উপ-প্রধান/সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৯. | উপসচিব/ সিনিয়র সহকারী সচিব (সরকারি মাধ্যমিক-৩), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১০. | উপ-পরিচালক/সহকারী পরিচালক, শারীরিক শিক্ষা (পুরুষ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য-সচিব |

১১.০ বাজেট প্রাপ্তি সাপেক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক অনুবিভাগ হতে এ কার্য সম্পাদন করা হবে। অনুমোদিত নীতিমালা বাজেট শাখা শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে, শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন অনুবিভাগে, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর-দপ্তর- সংস্থায়, বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণের নিকট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হবে।

১২.০ তহবিল ব্যবস্থাপনা

সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা আয়োজনের জন্য জাতীয় স্টিয়ারিং কমিটি ও প্রচার কমিটির নামে দুটি পৃথক ব্যাংক হিসাব থাকবে। ব্যাংক হিসাব দুটি উভয় কমিটির আহবায়ক ও সদস্য সচিব যৌথভাবে পরিচালনা করবেন। উক্ত দুটি ব্যাংক হিসাবে উদ্বৃত্ত অর্থ (যদি থাকে) পরবর্তীতে একই কর্মসূচিতে ব্যয় করা যাবে।

১৭/২/২০২০
(মোঃ মাহবুব হোসেন)
সচিব

নং-৩৭.০০.০০০০.০৭১.২২.৬০৩.১৮-২৩১

তারিখ: ০৪ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪। সচিব, অর্থ বিভাগ, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-উন্নয়ন-বিশ্ববিদ্যালয়-কলেজ-মাধ্যমিক-১/২, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার,.................................(সকল)।
৭। অতিরিক্ত সচিব (কারিগরি-মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৯। যুগ্মপ্রধান (পরিকল্পনা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড......................(সকল)। (নীতিমালাটি তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ ও বোর্ডের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
১২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। জেলা প্রশাসক,........................( সকল) ।
১৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। উপজেলা নির্বাহী অফিসার.........................................................(সকল)।
১৭। আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ...............................(সকল)।
১৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
১৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(নীতিমালাটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
২০। জেলা শিক্ষা অফিসার,.................. (সকল)।
২১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার............................................ (সকল)।
২২। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭/২/২০২০
(গোপাল চন্দ্র দাস)
উপসচিব
ফোন : ৯৫৭৬৭৮০